

বেশি বেতনের মডেল স্কুল ও কলেজে শিক্ষক স্বল্পতায় লেখাপড়া ব্যাহত

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

প্রয়োজনের অর্ধেক শিক্ষক দিয়ে চলছে সরকারি খরচে রাজধানী ও বিভাগীয় শহরে প্রতিষ্ঠিত ১১টি মডেল স্কুল এন্ড কলেজের শিক্ষাক্রম। শিক্ষক স্বল্পতায় প্রতিষ্ঠানগুলোতে লেখাপড়া ব্যাহত হচ্ছে। মনোনয়ন দেয়া হলেও প্রতিষ্ঠানগুলোতে নিয়োগ করা হচ্ছে না। অভিভাবকরা অভিযোগ করেছেন: শিক্ষার্থীরা অন্য প্রতিষ্ঠানের চেয়ে বেশি বেতন দিয়ে এ প্রতিষ্ঠানগুলোতে লেখাপড়া করছে। অর্থাৎ নিয়মিত ক্লাস হয় না। কোন কোন প্রতিষ্ঠানে বণ্টকাদীন শিক্ষক দিয়ে শিক্ষা কার্যক্রম চলছে।

শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ভর্তি ফি ও বেতন নেয়া হয়। অর্থাৎ আর্থিক সংকট দেখিয়ে শিক্ষক নিয়োগ দেয়া হচ্ছে না। বুলনা মডেল স্কুল এন্ড কলেজে ৫৪১ জন শিক্ষার্থীর জন্য রয়েছে ১৫ জন শিক্ষক মাত্র। ৮ জনকে বণ্টকাদীন শিক্ষক হিসাবে নিয়ে কাজ চালানো হচ্ছে। বর্তমানে আরো ১৫ জন শিক্ষক প্রয়োজন। মন্ত্রণালয়ে গত জানুয়ারিতে প্রতিষ্ঠানের পক্ষ থেকে ১৫ জন শিক্ষকের চাহিদা পেশ করা হয়েছে। কিন্তু চার মাসেও শিক্ষক নিয়োগ হয়নি। প্রতিষ্ঠানের অধ্যক্ষ ড. মোস্তাফিজ আল-উদ্দিন জানান, মন্ত্রণালয়ে শিক্ষার্থীর চাহিদা পূরণ করবে।

লালবাগ মডেল স্কুল এন্ড কলেজে ৪৭১ জন শিক্ষকের জন্য মাত্র ১৬ জন শিক্ষক রয়েছে। প্রয়োজনের তুলনায় নগণ্য। ১১টি মডেল স্কুল এন্ড কলেজেই শিক্ষক স্বল্পতা রয়েছে একইরকম।

প্রকল্পের অধীনে নিয়োগের জন্য মনোনীত শিক্ষকরা নিয়োগ না পেয়ে অনিচ্ছাভর ভিতর দিন কাটাচ্ছেন। মন্ত্রণালয়ের কোন কোন কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ শিক্ষক নিয়োগে আগ্রহ দেখাচ্ছেন না বলে তারা অভিযোগ করেন।